**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**
**হাইকোর্ট বিভাগ, ঢাকা**
**www.supremecourt.gov.bd**

সার্কুলার নম্বর - ১০ এ, তারিখঃ ১৩ অগ্রহায়ণ, ১৪২৩ বঙ্গাব্দ
২৭ নভেম্বর, ২০১৬ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ- নারী ও শিশু নির্যাতন দমন আইন-২০০০-এর ৩১ ক ধারা আবশ্যিকভাবে প্রতিপালন প্রসঙ্গে।**

নারী ও শিশু নির্যাতন দমন আইন-২০০০-এর ৩১ ক ধারা অনুযায়ী কোনো মামলা উক্ত আইনের ২০ এর উপধারা (৩) এ উল্লিখিত ১৮০ দিনের মধ্যে নিষ্পত্তি না হওয়ার ক্ষেত্রে ট্রাইব্যুনাল-কে উহার কারণ লিপিবদ্ধ করে একটি প্রতিবেদন ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বাংলাদেশ সুপ্রীম কোর্টের নিকট দাখিল করার এবং তার একটি অনুলিপি সরকারের নিকট প্রেরণ করার সুনির্দিষ্ট বিধান রয়েছে। তাছাড়া উল্লিখিত ক্ষেত্রে পাবলিক প্রসিকিউটর ও সংশ্লিষ্ট পুলিশ কর্মকর্তাকে উহার কারণ লিপিবদ্ধ করে একটি প্রতিবেদন ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সরকারের নিকট দাখিল করার এবং তার একটি অনুলিপি বাংলাদেশ সুপ্রীম কোর্ট-এ প্রেরণ করারও বিধান সন্নিবেশিত আছে।

০২। সম্প্রতি অত্র কোর্টের গোচরীভূত হয়েছে যে, আইনে নির্ধারিত সময়সীমার মধ্যে নারী ও শিশু নির্যাতন দমন আইনের অধীনে আনীত মামলা নিষ্পত্তি না হওয়ার ক্ষেত্রে সংশ্লিষ্ট ট্রাইব্যুনাল থেকে মামলা নিষ্পত্তি না হওয়ার কারণ লিপিবদ্ধ করতঃ কোনো প্রতিবেদন বাংলাদেশ সুপ্রীম কোর্টের নিকট প্রেরণ করা হচ্ছে না। অধিকন্তু, উক্ত বিষয়ে পাবলিক প্রসিকিউটর ও সংশ্লিষ্ট পুলিশ কর্মকর্তাগণও উহার কারণ লিপিবদ্ধ করে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সরকারের নিকট প্রতিবেদন দাখিল পূর্বক এর অনুলিপি অত্র কোর্টে প্রেরণ করছেন না। বিষয়টি অনাকাঙ্খিত, অনভিপ্রেত ও আইন বর্হিভূত এবং তা অসদাচরণ এর শামিল।

০৩। এমতাবস্থায়, নারী ও শিশু নির্যাতন দমন আইন-২০০০-এর ৩১ ক ধারা আবশ্যিকভাবে প্রতিপালন করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করার হলো।

মাননীয় প্রধান বিচারপতির আদেশক্রমে,

**স্বাঃ/-**
**(আবু সৈয়দ দিলজার হোসেন)**
রেজিস্ট্রার
ফোনঃ ৯৫১৪৬৪৬
ই-মেইলঃ registrar_hcd@supremecourt.gov.bd

স্মারক নং- ৮৪৪৫(১২) এ, তারিখঃ ২৭/১১/২০১৬ খ্রিঃ

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-**

০১। অ্যাটর্নি-জেনারেল ফর বাংলাদেশ, অ্যাটর্নি জেনারেলের কার্যালয়, ঢাকা।
০২। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
০৩। সলিসিটর, সলিসিটর উইং, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
০৪। মহা-পুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ফুলবাড়িয়া, ঢাকা।[ সকল পুলিশ সুপারদের এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ]
০৫। জেলা ও দায়রা জজ ........................................................................ (সকল)।
০৬। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল........................................ (সকল)।
০৭। মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
০৮। গবেষণা ও তথ্য কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা। (সংরক্ষনের জন্য)
০৯। মাননীয় রেজিস্ট্রার জেনারেলের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১০। পাবলিক প্রসিকিউটর (পিপি), জেলা ও দায়রা জজ আদালত,........................................ (সকল)।
১১। পাবলিক প্রসিকিউটর (পিপি), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল........................................ (সকল)।
১২। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা [সার্কুলারটি বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]

২৭/১১/১৬
(মোঃ আজিজুল হক)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)
ফোনঃ ৯৫৬৬৮২৬
ই-মেইলঃ aziz_dr@supremecourt.gov.bd